শৈলকুপা থানা পুলিশের উপরে হামলা, ৫ পুলিশ সদস্যসহ আহত ২৫

ঝিনাইদহের শৈলকুপায় থানায় এজাহারভুক্ত আসামিকে গ্রেপ্তার করায় ক্ষিপ্ত হয়ে থানা পুলিশের উপরে হামলা করার অভিযোগ উঠেছে স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীদের উপরে। এ ঘটনায় ৫পুলিশ সদস্যসহ ২৫/২৬ আহত হয়েছেন।

আজ রোববার (৯ জুন) দুপুরে শৈলকুপা থানার সামনে এ ঘটনা ঘটে। স্থানীয় জনগন ও থানা পুলিশের কাছ থেকে জানা গেছে, শৈলকুপায় আওয়ামী লীগ কর্মী এজাহারভুক্ত আসামি ধলহরা চন্দ্র ইউনিয়নের ধাওড়া গ্রামের মোস্তাক সিকদারকে পুলিশ রোববার দুপুরে আটক করে। এতে ক্ষিপ্ত হয়ে আওয়ামী লীগ নেতাকর্মীরা বিকাল সাড়ে ৩টার দিকে শৈলকুপা থানা ঘেরাও করে ইটপাটকেল নিক্ষেপ করতে থাকে। এতে কয়েকজন পুলিশ সদস্য গুরুতর আহত হন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশও ফাঁকা গুলি ছুড়ে। এতে হামলাকারীরা ছত্রভঙ্গ হয়ে যায়। এ ঘটনায় ৫ পুলিশ সদস্য আহত হয়েছেন এবং হামলাকারীদের মধ্যে ২০/২৫ জন আহত হয়েছেন। অতিরিক্ত পুলিশ মোতায়েন করায় পরিস্তিতি নিয়ন্ত্রনে রয়েছে । এই ঘটনায় পুলিশ ২জনকে আটক করেছে। শৈলকুপা সার্কেলেরর অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া বিষয়টি নিশ্চিত করে বলেন, ১০ মিনিটের এ হামলার ঘটনায় অন্তত ৫ পুলিশ সদস্য আহত হয়েছে। হামলাকারীদের ২জনকে আটক করা হয়েছে। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।

উল্লেখ, গত শুক্রবার ঝিনাইদহের শৈলকুপা পৌরসভার মেয়র কাজী আশরাফুল আজমের একটি বক্তব্য সামাজিক যোযোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়ার পর পুলিশ প্রশাসন ও জনমনে ক্ষোভ ও মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয় যার ফলে এমনটি হয়েছে বলেও অনেকে ধারণা করছেন।

সে দিন সন্ধ্যার দিকে ঝিনাইদহ-১ আসনে উপনির্বাচনে বিজয়ী সংসদ সদস্য নায়েব আলী জোয়ার্দারের সংবর্ধনা অনুষ্ঠানে পৌর মেয়র কাজী আশরাফুল আজম শৈলকুপা থানার ওসি মো. সফিকুল ইসলাম চৌধুরীকে গলায় গামছা বেঁধে বিতাড়িত করার হুমকি দেন।

এ সময় হাজারো জনতার সামনে মেয়র আরও বলেন, এ দুর্নীতিবাজ ওসি সন্ত্রাস করছে। আমরা চাই দুর্নীতিবাজ প্রশাসন বিশেষ করে এই ওসি

এখান থেকে চলে যাক। তা না হলে গলায় গামছা বেঁধে তাকে আমরা বিতাড়িত করব।

পৌর মেয়রের এ বক্তব্য সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে মূহুর্তের মধ্যে তা ভাইরাল হয়। এ নিয়ে শৈলকুপা উপজেলা শহরের চায়ের দোকান ও বিভিন্ন আড্ডায় আলোচনা সমালোচনা শুরু হয়।

ঝিনাইদহে ৪৪৮ বোতল ফেন্সিডিলসহ আটক ২

ঝিনাইদহে ট্রাক ভর্তি সবজির মধ্যে বিপুল পরিমান ফেন্সিডিল নিয়ে পাচারের সময় ২ জনকে আটক করেছে পুলিশ এবং ট্রাকটি জব্দ করা হয়েছে।

গতকাল শনিবার রাতে সদর উপজেলার মধুপুর এলাকা থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলো-চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার বকন্দিয়া গ্রামের মুসা করিমের ছেলে অমেদুল হক ও দৌলতদিয়া হাতিকাটা গ্রামের আবুল হোসেনের ছেলে রাসেল আহম্মেদ।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া জানান, চুয়াডাঙ্গার জীবননগর থেকে ট্রাক ভর্তি সবজির মধ্যে বিশেষ কায়দায় লুকানো ফেন্সিডিল ঢাকায় পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সদর থানার এস আই রোকনুজ্জামান, এসআই নিপু সাহা, সোহাগ হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে মধুপুর এলাকায় চেকপোস্ট বসায়। সেসময় একটি মিনি ট্রাকের গতিরোধ করলে সবজির মধ্য থেকে ৪৪৮ বোতল ফেন্সিডিল পাওয়া যায়। আটক করা হয় চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার অমেদুল হক ও রাসেল আহম্মেদকে।

এ ঘটনায় পুলিশের পক্ষ থেকে মামলা দায়ের করে আসামীদের গ্রেপ্তার দেখানো হয়েছে।

ঝিনাইদহ জেলা প্রশাসকের প্রেস ব্রিফিং অনুষ্ঠিত

ঝিনাইদহে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত সাংবাদিকদের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ভূমিহীন ও গৃহহীন পরিবারকে ৫ম পর্যায়ে (২য় ধাপে) জমি ও গৃহ প্রদান কার্যক্রমের শুভ উদ্বোধন উপলক্ষে এক প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রেস বিফিং করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্রনাথ রায়, সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী। সে সময় ঝিনাইদহ প্রেস ক্লাবের সাংবাদিকদবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রেসব্রিফিং জেলা প্রশাসক বলেন আগামী ১১ জুন মঙ্গলবার সকালে মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে ঝিনাইদহ জেলার শৈলকুপা, কোটচাদপুর ও মহেশপুর উপজেলার ৯০টি পরিবারের মাঝে তাদের জমির দলিল ◌্এবং ঘর বুঝে দেবেন।

বন্যপ্রাণী রক্ষায় জাতীয় স্বর্ণ পদক পেলেন ঝিনাইদহের জহির রায়হান

প্রকৃতি ও বন্যপ্রাণী সংরক্ষণে জাতীয়ভাবে অবদান রাখায় ‘বঙ্গবন্ধু অ্যাওয়ার্ড ফর ওয়াইল্ড লাইফ কনজারভেশন’ পদক পেলেন ঝিনাইদহের জহির রায়হান।

রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে জহির রায়হান এ পদক গ্রহণ করেন।
বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও

বৃক্ষমেলা ২০২৪’র উদ্বোধনের পর প্রধানমন্ত্রী বিভিন্ন ক্যাটাগরিতে জীববৈচিত্র্য রক্ষায় ও বৃক্ষরোপণে প্রশংসনীয় ভূমিকা রাখার জন্যে জাতীয় পুরস্কার-২০২৩ প্রদান করা হয়।

অনুষ্ঠানে বন্যপ্রাণী সংরক্ষণ ও ক্যাপটিভ ব্রিডিং কর্মসূচীতে অবদান রাখায় ঝিনাইদহের জহির রায়হানকে স্বর্ণপদক প্রদাণ করা হয়েছে। ২ ভরি ওজনের স্বর্ণপদক, ১ টি সনদপত্র ও ৫০ হাজার টাকা পুরস্কার প্রদাণ করা হয় তাকে।

উল্লেখ্য, ঝিনাইদহ সদর উপজেলার রামনগর গ্রামের জহির রায়হান। ১৯৯০ সাল থেকে পরিবেশ ও প্রকৃতি সংরক্ষণে কাজ করে যাচ্ছেন তিনি। পেশায় রংমিস্ত্রী হলেও নিজের আয় থেকে বাচানো টাকা দিয়ে তিনি পরিবেশের ভারসাম্য রক্ষায় ৬ হাজার বৃক্ষরোপন করেছেন। পাশাপাশি ২০০২ সাল থেকে বন্যপ্রাণী রক্ষায় গাছে গাছে মাটির কলস বাঁধা, পাখি উদ্ধার, শিকারীদের হাত থেকে বিলুপ্তপ্রায় পাখি উদ্ধার করে অবমুক্ত করণ, জেলেদের জালে আটকা পড়া গুইসাপ, সাপ, শিয়াল উদ্ধারের পর অবমুক্তকরনের কাজ করে চলেছে।

এ ছাড়াও তীব্র তাপদাহের মাঝে পাখিদের জন্য গাছে গাছে পানির পাত্র বেঁধে দেন তিনি। বন্যপ্রাণী রক্ষায় অসামান্য অবদান রাখায় জহির রায়হান এ পদকে ভুষিত হয়েছেন। তার এই অর্জন ঝিনাইদহবাসীর জন্য গর্বের বলে মনে করেন জেলার সচেতন মহল।

এমপি আনার হত্যাকারীদের শাস্তির দাবীতে ঝিনাইদহে মানববন্ধন

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারের হত্যাকারীদের শনাক্ত ও তাদের দৃষ্টান্ত মুলক শাস্তির দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ শনিবার সকালে সদর উপজেলার নাড়িকেল বাড়িয়া বাজারে এ কর্মসূচীর

আয়োজন করে ঘোড়শাল ইউনিয়ন আওয়ামী লীগ।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে তার নির্বাচনী এলাকা ঘোড়শাল ইউনিয়নের বিভিন্ন গ্রামের শত শত মানুষ অংশ নেয়। কর্মসূচীতে নাড়িকেলবাড়ীয়া আমেনা খাতুন ডিগ্রি কলেজের সভাপতি আবু শাহরিয়ার জাহেদী পিপুল, সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন, কালীগঞ্জ উপজেলা চেয়ারম্যান শিবলী নোমানী, পৌর মেয়র আশরাফুল ইসলাম আশরাফ, জেলা পরিষদের সাবেক সদস্য সোহেল রানা, আওয়ামী লীগ নেতা রাশেদ সমশেরসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, এমপি আনার হত্যায় নতুন কিছু ব্যক্তির নাম শোনা যাচ্ছে। এতে আমরা ধারনা করছি রাজনৈতিক প্রতিহিংসার কারণে তাকে হত্যা করা হয়েছে। তাই এই হত্যার সাথে যে বা যারাই জড়িত থাকুক না কেন তাদের খুজে বের করে দৃষ্টান্ত মুলক শাস্তির দাবী করা হয় কর্মসূচী থেকে।

ঝিনাইদহ জেলা যুবদলের কারামুক্ত নেতাকর্মীদের সংবর্ধনা

ঝিনাইদহ জেলা যুবদলের কারামুক্ত নেতাকর্মীদের সংবর্ধনা দেওয়া হয়েছে। আজ শনিবার দুপুরে শহরের একটি রেস্টুরেন্টে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে জেলা যুবদল এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে।

সেসময় কেন্দ্রীয় যুবদলের সহ-সভাপতি নুরুজ্জামান লিটন, নাজমুল হুদা সাগর, কেন্দ্রীয় সহ-সাধারন সম্পাদক এম কামরুজ্জামান, এম তমাল আহমেদ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক জাহিদ হাসান, সহ-সাংগঠনিক সম্পাদক খালেদ মাহমুদ মাসুম, রুবায়েত হোসেন, কেন্দ্রীয় যুবদলের সদস্য জাহিদ হাসান, জেলা যুবদলের সভাপতি আহসান হাবিব রনক, সাধারন সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টুসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা বলেন, অবৈধ আওয়ামী লীগ সরকারের পতন অনিবার্য। নির্ধারিত সময়ের খেলা শেষ এখন মাত্র প্যানাল্টির অপেক্ষা। তাই নেতাকর্মীদের সরকার পতনে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান। অনুষ্ঠানে অতিথিরা জেলার কারামুক্ত যুবদলের নেতাকর্মীদের ফুলেল শুভেচ্ছা জানান।

ঝিনাইদহে ভুমি সেবা সপ্তাহের উদ্বোধন

‘স্মার্ট ভূমিসেবা, স্মার্ট নাগরিক’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ভূমি সেবা সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

আজ শনিবার (৮ জুন) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বেলুন উড়িয়ে এ দিবসের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

পরে সেখান থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম, স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত পুলিশ সুপার (শৈলকুপা সার্কেল) অমিত কুমার বর্মন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, ঝিনাইদহ আদালতের এপিপি এ্যাড. বিকাশ কুমারসহ অন্যান্যারা বক্তব্য রাখেন।

আয়োজকরা জানায়, জেলা শহর ছাড়াও বাকী উপজেলা গুলোতে একই সাথে এ সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। আগামী ১ সপ্তাহ ভূমি উন্নয়ন কর, ই-নামজারীর আবেদন, নিষ্পত্তিসহ জমি সংক্রান্ত নানা সেবা প্রদাণ করা হবে।

এমপি আনার হত্যায় জড়িত সন্দেহেভাজন আওয়ামী লীগ নেতা আটক

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যার ঘটনায় সন্দেহভাজন এক আওয়ামী লীগ নেতা কাজী কামাল আহম্মেদ বাবু ওরফে গ্যাস বাবুকে আটক করেছে গোয়েন্দা সংস্থা (ডিবি) পুলিশ।

গত বৃহস্পতিবার (৬ জুন) রাতে ঝিনাইদহ শহরের আদর্শপাড়া এলাকা থেকে ঢাকার ডিবি পুলিশের একটি দল তাকে আটক করে। আটক কৃতএই বাবু ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক।

ধারণা করা হচ্ছে, এমপি আনোয়ারুল আজীম আনার হত্যার অন্যতম আসামি শিমুল ভূঁইয়ার নিকট আত্মীয় বাবু। আনার হত্যা কাণ্ডে তার কাছ থেকে কোনো তথ্য পাওয়া যেতে পারে।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. শাহীন উদ্দিন জানান, রাতে ঢাকা থেকে থেকে ডিবি পুলিশ ঝিনাইদহে এসেছিল। তারা বাবুকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করে নিয়ে গেছে। তবে কোন মামলায় গেছে আমি তা নিশ্চিত বলতে পারছি না।

উল্লেখ, গত ১২ মে পরিবারকে চিকিৎসার কথা বলে ঝিনাইদহের কালীগঞ্জ থেকে চুয়াডাঙ্গার দর্শনা সীমান্ড হয়ে ভারতে যান এমপি আনোয়ারুল আজীম আনার। ওঠেন পশ্চিমবঙ্গে বরাহনগর থানার মণ্ডলপাডা লেনে গোপাল বিশ্বাস নামে এক বন্ধুর বাড়িতে। পরদিন ডাক্তার দেখানোর কথা বলে বাড়ি থেকে বের হন। এরপর থেকেই রহস্যজনকভাবে নিখোঁজ হন এ সংসদ সদস্য। নিখোঁজের প্রায ১০ দিন পর গত বুধবার ২২ মে আনার হত্যার বিষযটি সামনে আসে।

এই হত্যাকান্ড নিয়ে বিভিন্ন সময় বিভ্রান্তিকর তথ্য আসছে। এরই মধ্যে আনার হত্যাকাণ্ডে জড়িত সন্দেহে বাংলাদেশে গ্রেপ্তার তিন আসামি শিমুল ভূঁইযা ওরফে আমানুল্লাহ, তানভীর ভূঁইয়া ও শিলাস্তি রহমানকে জিজ্ঞাসাবাদ করে বেশ কিছু চাঞ্চল্যকর তথ্য পায় ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। এর ভিত্তিতে হত্যা-রহস্য উদঘাটন ও ভারতের তদন্ত দলকে সহায়তার জন্য ২৬ মে প্রতিনিধি দল নিয়ে কলকাতায় যান ডিবিপ্রধান মোহাম্মদ হারুন অর রশীদ।

ঝিনাইদহে শিখন সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীর অভিভাবকদের মতবিনিময় সভা

ঝিনাইদহে শিখন সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীদের অভিভাবকদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শিক্ষার গুণগত মান উন্নয়ন এর মাধ্যমে শিক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করা এবং মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত নিম্ন ও নিম্নবিত্ত পরিবারের শিক্ষার্থীদের বিদ্যালয়ে দেয়া পাঠ আয়ত্ব করতে সহায়তা করার লক্ষ্যে বেসরকারী উন্নয়ন সংস্থা ‘আশা’ কর্তৃক দেশব্যাপী ৬৪টি জেলায় ৬ষ্ঠ-৮ম শ্রেণীর পাঠদান কর্মসূচি পরিচালিত হয়ে আসছে। এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার আশা-নারিকেলবাড়িয়া ব্রাঞ্চের উদ্যোগে সদর উপজেলার নারিকেলবাড়িয়া জয়নাল আবেদীন মাধ্যমিক বিদ্যালয়ের আশার শিখন সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীদের অভিভাকদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ারুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও ঘোড়শাল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিলটন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আশার জেলার সিনিয়র ড্রিস্ট্রিক্ট ম্যানেজার মোঃ হাফিজুর রহমান, সিনিয়র রিজিওনাল ম্যানেজার মোঃ সাজ্জাদ হোসেন, এডুকেশন অফিসার মোঃ রকিবুল হাসান ও নারিকেলবাড়িয়া ব্রাঞ্চের বিএম কাইয়ুম হোসেনসহ বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকবৃন্দ।

উল্লেখ্য, যে আশা সংস্থা কর্তৃক ২০১১ সাল থেকে শিক্ষা কর্মসূচি চলমান রয়েছে। বর্তমানে শিশু-৮ম শ্রেণির আওতায় প্রায় ৫ লাখ শিক্ষার্থী শিখন সহায়তা পাচ্ছে। এর মধ্যে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণীর আওতায় দেশের ৬৪টি জেলার ৬৪টি মাধ্যমিক বিদ্যালয়ের ১৯২টি শিক্ষা কেন্দ্রের প্রায় ৫ হাজার ৫’শ ৫৩ জন শিক্ষার্থীরা এই সহযোগিতা পেয়ে আসছে।

ঝিনাইদহে ভুয়া ওয়ারেশ সেজে ৮ কোটি টাকার অর্পিত সম্পত্তি আত্মসাতের চেষ্টা

জালিয়াতির মাধ্যমে ভুয়া ওয়ারেশ সেজে সরকারের ‘ক’ তফশীলভুক্ত বিপুল পরিমান সম্পত্তি আত্মসাতের চেষ্টা অবশেষে ব্যর্থ হয়েছে।

আজ বৃহস্পতিবার ঝিনাইদহের একটি আদালতের রায়ে সরকারের প্রায় সাড়ে ৮ কোটি টাকা মুল্যের ৮৩ বিঘা জমি রক্ষা পেয়েছে। ঝিনাইদহ অতিরিক্ত জেলা জজ দ্বিতীয় আদালতের বিচারক মোঃ আব্দুল মতিন চাঞ্চল্যকর এই রায় প্রদান করেন।

জেলা প্রশাসকের ভিপি শাখা ও মামলার রায় সুত্রে জানা গেছে, ঝিনাইদহ সদর উপজেলার ২নং মধুহাটী ইউনিয়নের ৪টি মৌজায় বিপুল পরিমার ‘ক’ তফশীলভুক্ত অর্পিত সম্পত্তি ছিল। ২০১৩ সালে সদরের কালীচরণপুর গ্রামের প্রদ্যুত মিত্রের ছেলে স্মৃতি মিত্র নামে এক ব্যক্তি ভুয়া ওয়ারেশ সেজে অর্পিত সম্পত্তি আইনে দুইটি মামলা করেন, যার মামলা নং ৮১৮/১৩ ও ৮১৩/১৩। মামলায় বাদী দাবী করেন, সদর উপজেলার ২০ নং বসুপুর, ২১ নং মহামায়া, ২২ নং বামুনপাড়া পদ্মবিলা ও ৪৮ নং চান্দুয়ালী মৌজায় তার পুর্ব পুরুষরা ২৪.৪৪ একর জমির মালিক ছিলেন যা পরবর্তীতে ভিপি তালিকাভুক্ত (‘ক’ তফশীল) হয়। ওযারেশ প্রমানে জনৈক স্মৃতি মিত্র জাল কাগজপত্র ও ওয়ারেশ কায়েম সনদও যোগাড় করেন।

এদিকে এলাকাবাসি আজিজুর রহমান সালাম জানান, ১৯৪৬ সালে রায়টের সময় বসুপুর, মহামায়া ও বামুনপাড়া পদ্মবিলা এলাকার অনেক হিন্দু তাদের জমিজমা ও অস্থাবর সম্পত্তি ফেলে ভারতে চলে যান। ফলে বসুপুর ও বামুনপাড়া পদ্মবিলা মৌজা হিসেবে বহাল থাকলেও সেখানে কোন গ্রাম নেই। আগে এই দুইটি স্থানে গ্রাম ছিল। সেই জমিগুলো পরবর্তীতে ‘ক’ তফশীল হিসেবে তালিকাভুক্ত হয়। অন্যদিকে ৭ বছর মামলা চলার পর ২০২০ সালে ঝিনাইদহের নিম্ন আদালতের বিচারক কে এম আলমগীর হোসেন বাদী স্মৃতি মিত্রের পক্ষে রায় দেন। এ নিয়ে সে সময় ঝিনাইদহ জেলা